মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত সংবাদ প্রচারের প্রতিবাদ

জয়পুরহাট জেলার তুলসীগঙ্গা ইউনিয়নের দাসরা গ্রামের বাসিন্দা মোঃ এমরান হোসাইন, প্রভাষক, বটতলী ফাতেমা জহুরা মহিলা ফাজিল ডিগ্রি মাদ্রাসা, ক্ষেতলাল, জয়পুরহাট; পিতা মোঃ আওলাদুল হক ও মাতা মোছাঃ তাছলিমা বিবি — তিনি তার বিরুদ্ধে প্রকাশিত মিথ্যা নিউজ তীব্র প্রতিবাদ জানিয়েছেন এবং তিনি তার বিবৃতিতে জানান, সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম, কিছু অনলাইন পোর্টাল ও দৈনিক পত্রিকায় তাঁর বিরুদ্ধে প্রচারিত মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত সংবাদগুলোর তীব্র প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে তিনি বলেন, “আমি আলতা গ্রামে ইমাম হিসেবে দায়িত্ব পালন করায় ওই এলাকার সাধারণ মানুষের সঙ্গে আমার সুসম্পর্ক ছিল। গত ১৮ অক্টোবর আমার মামাতো বোনের বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে পাবনা যাচ্ছিলাম। পথে মুলামগাড়ি এলাকায় ১০-১৫ জনের একটি সংঘবদ্ধ দুর্বৃত্ত দল আমাকে জোরপূর্বক গাড়ি থেকে নামিয়ে নিয়ে যায় এবং ৫০ লাখ টাকা চাঁদা দাবি করে। আমি টাকা দিতে অস্বীকৃতি জানালে তারা আমাকে শারীরিকভাবে নির্যাতন করে ও জীবননাশের হুমকি দেয়। পরবর্তীতে আমার মামা বিষয়টি জানতে পেরে এক লাখ পঞ্চাশ হাজার টাকা দিয়ে আমাকে সেখান থেকে উদ্ধার করেন।”তিনি আরও বলেন, “ঘটনার পর কিছু তথাকথিত কিছু ফেসবুক সাংবাদিক,আমার কাছে এক লাখ টাকা দাবি করে। তারা হুমকি দেয় যে, টাকা না দিলে আমার বিরুদ্ধে বিভ্রান্তিকর ও মানহানিকর সংবাদ ছড়াবে। আমি টাকা দিতে অস্বীকৃতি জানালে তারা বিভিন্ন ফেসবুক পেজ, অনলাইন সংবাদ ও দৈনিক পাঞ্জেরীসহ আরো কিছু প্রিন্ট পত্রিকা ১৯ শে অক্টোবর ২০২৫ আমার সম্মানহানির উদ্দেশ্যে ভিত্তিহীন তথ্য প্রকাশ করে আমি উক্ত প্রকাশিত মিথ্যা নিউজের তীব্র প্রতিবাদ জানাচ্ছি তিনি উক্ত সংবাদগুলোকে সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্যপ্রণোদিত বলে দাবি করেন এবং সাংবাদিকতার নীতিবিরুদ্ধ এসব অপপ্রচারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান।